গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসার এর কার্যালয়
মুজিবনগর,মেহেরপুর ।

## হাটবাজার ইজারার দরপত্র বিজ্ঞপ্তি

মুজিবনগর উপজেলাধীন নিম্নলিখিত ইউনিয়নে অবস্থিত হাটবাজার **আগামী ০১ বৈশাখ ১৪৩২ বাংলা সন হতে ৩০ চৈত্র ১৪৩২ বাংলা সন পর্যন্ত** নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে দরপত্রের মাধ্যমে ইজারা প্রদান করা হবে। ইচ্ছুক ব্যক্তিগণের নিকট হতে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। প্রতিটি দরপত্র ফরম ০৮ নং কলামে উল্লিখিত মূল্যের বিনিময়ে (অফেরতযোগ্য), (০১) জেলা প্রশাসকের কার্যালয়, মেহেরপুর, (০২) নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়, (০৩) সহকারী কমিশনার(ভুমি), মুজিবনগর, (০৪) সোনালী ব্যাংক, মুজিবনগর শাখা, (০৫) অফিসার ইনচার্জ, মুজিবনগর থানা এর কার্যালয় হতে নিম্নবর্ণিত তারিখ সমূহের পূর্বদিন পর্যন্ত অফিস চলাকালীন সময়ে ক্রয় করা যাবে। দরপত্র নিম্নবর্ণিত তারিখ (১ম তারিখে প্রাপ্ত দরপত্র বিবেচিত হলে পরবর্তী তারিখগুলো প্রযোজ্য হবে না) বেলা ১২.০০ ঘটিকা পর্যন্ত জেলা প্রশাসকের কার্যালয়, মেহেরপুর ও নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে দাখিল করতে হবে এবং ঐদিনই বেলা ৩.০০ ঘটিকার সময় নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দরপত্র দাতার উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে। দরপত্র দাখিলের দিন কোন সিডিউল বিক্রয় করা হবে না।

| ক্রমিক নং | হাট বাজারের নাম | ইউনিয়ন | দরপত্র গ্রহণের তারিখসমূহ (১ম তারিখে প্রাপ্ত দরপত্র বিবেচিত হলে পরবর্তী তারিখগুলো প্রযোজ্য হবে না) | | | | সিডিউলের মূল্য ( টাকায়) | স্থানীয় সরকার বিভাগের ২০/২/২০১৮ খ্রি. তারিখের ৯৩ নং পরিপত্র অনুযায়ী ০৩ বছরের ইজারা মূল্যের গড়ের সাথে ৬% বৃদ্ধিতে সরকারী মূল্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ১ম তারিখ | ২য় তারিখ | ৩য় তারিখ | ৪র্থ তারিখ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ০১ | দারিয়াপুর | দারিয়াপুর | ১৬.০২.২০২৫ খ্রিঃ | ০৬.০৩.২০২৫ খ্রিঃ | ১৬.০৩.২০২৫ খ্রিঃ | ২৫.০৩.২০২৫ খ্রিঃ | ১৬০০/- | ৪,৭১,৫৫৮/- |
| ০২ | পুরন্দরপুর | দারিয়াপুর | | | | | ৫০০/- | ৪,১৫২/- |
| ০৩ | গৌরিনগর | দারিয়াপুর | | | | | ৫০০/- | ৭,১৭৩/- |
| ০৪ | মোনাখালী | মোনাখালী | | | | | ৫০০/- | ৩৬,৪৪৬/- |
| ০৫ | বিশ্বনাথপুর | মোনাখালী | | | | | ৫০০/- | ২২,৫০৭/- |
| ০৬ | বাগোয়ান | বাগোয়ান | | | | | ৫০০/- | ৩৪,০৬১/- |
| ০৭ | আনন্দবাস | বাগোয়ান | | | | | ১২০০/- | ২,৯৫,৮৮১/- |
| ০৮ | কেদারগঞ্জ | বাগোয়ান | | | | | ১৪০০/- | ৩,৩৬,১৯৭/- |
| ০৯ | মহাজনপুর | মহাজনপুর | | | | | ১০০০/- | ১,৫১,৯৬৯/- |
| ১০ | কোমরপুর | মহাজনপুর | | | | | ১৪০০/- | ৩,৯৯,৩৫৫/- |

### ১৪৩২ বঙ্গাব্দের হাট-বাজার ইজারার শর্তাবলি:

১। ১৪৩২ বঙ্গাব্দে (০১ বৈশাখ হতে ৩০ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ পর্যন্ত) ০১ (এক) বছর মেয়াদে হাট-বাজার ইজারা দেয়া হবে।

২। দরপত্র দাতাকে দরপত্রের সাথে উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, মুজিবনগর এর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। জমাকৃত অর্থ হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমম্বয় করা হবে এবং অবশিষ্ট ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারাদার নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার-পরিচ্ছন্ন রাখবেন। পরিষ্কার-পরিচ্ছন্ন না করলে বা হাট-বাজারের অন্য কোন ক্ষতিসাধন করলে জমাকৃত জামানত হতে তা মিটানো হবে এবং বছর সমাপনান্তে অব্যয়িত টাকা ইজারা গ্রহীতা বরাবর প্রত্যর্পণ করা হবে।

৩। যার দরপত্র গৃহীত হবে দরপত্র গৃহীত হবার সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা পঁচাত্তর ভাগ) অর্থ এবং দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে। অন্যথায় জমাকৃত জামানত সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করে পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে। তবে প্রদত্ত দর সরকারি মূল্যের কম হলে পুনরায় দরপত্র আহ্বান করা হবে।

৫। নির্দিষ্ট হাটের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য হাটের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র বা সিডিউল বিক্রয় করা হবে না।

৬। খামের উপর দরদাতার নাম, ঠিকানা ও হাট-বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৭। সরকার অনুমোদিত হারে হাটের টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারের একাধিক দৃশ্যমান স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন।

৮। প্রত্যেক হাট-বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরদাতাকে দরপত্র/সিডিউলের প্রতি পৃষ্ঠায়

স্বাক্ষর করতে হবে।

৯। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লীজ দিতে পারবেন না।

১০। সমুদয় ইজারার মূল্য (জামানত, ভ্যাট, আয়করসহ) পরিশোধের ৩ (তিন) কার্য দিবসের মধ্যে ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১। একই হাট-বাজারের দুই বা ততোধিক দরদাতার প্রদত্ত দর সর্বোচ্চ বা একই হলে এরূপ ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্ট্রার সংরক্ষণ করবেন।

১৩। যথাযথ জামানত বিহীন, অসম্পূর্ন বা কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১৪। কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তন পূর্বক অবশিষ্ট জমাকৃত অর্থ ইজারাদারকে ফেরত প্রদান করা হবে।

১৫। সরকারি পাওনা আদায় আইন (পি.ডি.আর.এ্যাক্ট, ১৯১৩) অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে হাট-বাজারের বকেয়া ইজারা অর্থ আদায় করা হবে।

১৬। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা যাবে।

১৭। দরপত্র ক্রয়ের সময় এবং দাখিলকৃত দরপত্রের সাথে জাতীয় পরিচয়পত্রের ফটোকপি জমা দিতে হবে।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

২৮/০১/২০২৫

(পলাশ মন্ডল)
উপজেলা নির্বাহী অফিসার
মুজিবনগর,মেহেরপুর।
মোবাইল: ০১৭০৮-৪১০০২০

স্মারক নং- ০৫.৪৪.৫৭৬০.০০০.৩২.২১৫.১৯- ৫৮

তারিখ: ২৮ জানুয়ারি ২০২৫ খ্রি. / ১৪ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):

০১। জেলা প্রশাসক, মেহেরপুর
০২। পুলিশ সুপার, মেহেরপুর
০৩ প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, মেহেরপুর
০৪। সিভিল সার্জন, মেহেরপুর
০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, মেহেরপুর
০৭। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব/সার্বিক), মেহেরপুর

অনুলিপি অবগতি ও বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো:

০১। মহাপরিচালক, সিপিটিইউ (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রচারের জন্য সদয় অনুরোধ করা হলো)
০২। উপজেলা নির্বাহী অফিসার, মেহেরপুর সদর/গাংনী
০৩। প্রশাসক, মেহেরপুর পৌরসভা
০৪। সহকারী কমিশনার (ভূমি), গাংনী/মেহেরপুর সদর
০৫। সহকারী কমিশনার (আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, মেহেরপুর (বিজ্ঞপ্তিটি জেলা তথ্য বাতায়নে প্রকাশের অনুরোধসহ)
০৬। উপজেলা স্বাস্থ্য ও প:প: অফিসার, মেহেরপুর
০৭। অফিসার ইনচার্জ, মুজিবনগর থানা
০৮। সাব রেজিষ্ট্রার, মুজিবনগর
০৯। উপজেলা,.................................................................................অফিসার, মুজিবনগর
১০। উপজেলা আইসিটি অফিসার, তথ্য ও প্রযুক্তি যোগাযোগ অধিদপ্তর, মুজিবনগর (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)
১১। চেয়ারম্যান/ প্যানেল চেয়ারম্যান,.............................ইউপি। (বিজ্ঞপ্তিটি ঢোল সহরতের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)
১২। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,...................................... ইউনিয়ন ভূমি অফিস (বিজ্ঞপ্তিটি ঢোল সহরতের মাধ্যমে বহুল প্রচারপূর্বক এক প্রস্থ সার্ভিস রিটার্ণ নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জমা দেয়ার জন্য বলা হলো)
১৩। সভাপতি/সম্পাদক,............................................. বাজার কমিটি, কেদারগঞ্জ
১৪। সম্পাদক, মেহেরপুর প্রতিদিন (তাকে স্বল্প পরিসরে ৩০ জানুয়ারি, ২০২৫ তারিখে এক দিনের সংখ্যায় বিজ্ঞপ্তিটি প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)
১৫। অফিসের নোটিশ বোর্ড
১৬। অফিস কপি

২৮/০১/২০২৫

(পলাশ মন্ডল)
উপজেলা নির্বাহী অফিসার
মুজিবনগর,মেহেরপুর।
মোবাইল: ০১৭০৮-৪১০০২০